

বাসর শয্যায়  
(মউ ২৫/১/৯১)

প্রেম জীবনে প্রেমের দোলায় আমরা দোদুল্যমান। প্রীতি-বন্ধনে থাকিয়া কত মাধুর্য আসে সংসারে, কত আনন্দ আসে, আসে কত বর্ণ-বিচিত্রের সুন্দর সুখের ফুল। আবার তাহারই সহিত আসে কত ঝঞ্ঝট কত ঝামেলা। আসে কত কাল-বৈশাখী ঝড়ের তাণ্ডব, কখনো আসে কাল-কুহেলীর ঘন অন্ধকার।

চির-বন্ধনে তুমি আমার সহিত আবদ্ধ হইয়াছ। সুখের সময় তোমার-আমার ব্যবহারে চরম মধুরতার জন্য আমাকে সাহায্য করিও। চরম প্রফুল্লতায় উচ্ছৃঙ্খল হইয়া যাইলে আমাকে সঠিক পথে ধরিয়া রাখিও। যদি সেই চরম ঝটিকার দিনে একা পড়িয়া যাই, তবে সুদৃঢ়পদে তুমি আমার সাথী হইবে।

যখন কাল-কুহেলিকার ঘন অন্ধকারে অন্ধের মত পড়িয়া রহিব, যখন নিরাশা, হতাশা ও ব্যর্থতার অন্ধ অমানিশা আমাকে আচ্ছাদিত করিয়া ফেলিবে, তখন তুমি আমাকে তোমার প্রবোধের আলো দান করিয়া সাহায্য করিও।

যখন জীবন-তরীর হাল ছাড়িয়া বসিব, তখন তুমি সেই হাল ধরিয়া বসিও। গভীর সলিলে নৌকা সমাধিত না হইতে দিয়া নিজের মনে বল আনিয়া কঠোর হস্তে হাল ধরিও। যখন সব হারাইয়া যাইবে, তখন আমায় শক্তি দিও আল্লাহর নিকট চাহিয়া। আমাকে প্রেরণা দিও, মনের বলবে প্রাণবন্ত করিও। তোমার আচরণে আমার প্রাণে পুনরায় যেন আলোর উৎস তৈরী হয়।

তুমি মরুভূমির সেই বৃক্ষ হইও, যার শীতল ছায়াতলে আমার মত ক্লান্ত পথিক ছায়া গ্রহণ ক'রে বিশ্রাম নিতে পারে।

তুমি পানিহীন প্রান্তরে সেই প্রস্রবণ হইও, যাতে আমার মত পিপাসিত পথিক শীতল পানি পান করিয়া পরিতৃপ্ত হইতে পারে। পারিবে না কি?